



কম্পিউন্সি বেজড লার্নিং ম্যাটেরিয়ালস (সিবিএলএম)

প্রোডাকশন প্লানিং এন্ড সাপ্লাই চেইন ম্যানেজমেন্ট

লেভেল – ০৪

মডিউল শিরোনামঃ গার্মেন্টস ম্যানুফ্যাকচারিং এর জন্য
কাঁচামাল এবং মেশিন সমূহ সনাক্ত করণ

**Module: Recognize Raw Materials and Machinery for
Garments Manufacturing**

মডিউল কোড: CBLM-OU-RMG-PPS-002-L4-V1



জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ
প্রধানমন্ত্রীর কার্যালয়,
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

কপিরাইট

জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ,
প্রধানমন্ত্রীর কার্যালয়।

১১-১২ তলা, বিনিয়োগ ভবন

ই-৬/বি, আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭

ইমেইল: ec@nsda.gov.bd

ওয়েবসাইট: www.nstda.gov.bd

ন্যাশনাল স্কিলস পোর্টাল: <http://skillsportal.gov.bd>

এই কম্পিটেন্সি বেজড লার্নিং ম্যাটেরিয়ালটির (সিবিএলএম) স্বত্ত্ব জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ (এনএসডিএ) এর নিকট সংরক্ষিত। এনএসডিএ-এর যথাযথ অনুমোদন ব্যতীত অন্য কেউ বা অন্য কোন পক্ষ এ সিবিএলএমটির কোন রকম পরিবর্তন বা পরিমার্জন করতে পারবে না।

“গার্মেন্টস ম্যানুফ্যাকচারিং এর জন্য কাঁচামাল এবং মেশিন সমূহ সনাক্ত করণ” সিবিএলএমটি এনএসডিএ কর্তৃক অনুমোদিত প্রোডাকশন প্ল্যানিং এন্ড সাপ্লাই চেইন ম্যানেজমেন্ট লেভেল – ০৪ অকুপেশনের কম্পিটেন্সি স্ট্যান্ডার্ড ও কারিকুলামের ভিত্তিতে প্রণয়ন করা হয়েছে। এতে প্রোডাকশন প্ল্যানিং এন্ড সাপ্লাই চেইন ম্যানেজমেন্ট লেভেল – ০৪ স্ট্যান্ডার্ডটি বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় তথ্য সন্নিবেশিত হয়েছে।

ইনস্ট্রাকশনাল এক্টিভিটি তৈরি করার ক্ষেত্রে সিবিএলএম ডেভেলপার/শিক্ষক/প্রশিক্ষক/এসেসর এ সিবিএলএমটিকে মূল রেফারেন্স পয়েন্ট হিসাবে ব্যবহার করবে। এটি প্রশিক্ষার্থী, প্রশিক্ষকদের জন্য গুরুত্বপূর্ণ সহায়ক ডকুমেন্ট।

এ ডকুমেন্টটি সংশ্লিষ্ট বিশেষজ্ঞ প্রশিক্ষক/পেশাজীবীর দ্বারা এনএসডিএ কর্তৃক প্রণয়ন করা হয়েছে।

এনএসডিএ স্বীকৃত দেশের সকল সরকারি-বেসরকারি-এনজিও প্রশিক্ষণ প্রতিষ্ঠানে প্রোডাকশন প্ল্যানিং এন্ড সাপ্লাই চেইন ম্যানেজমেন্ট লেভেল – ০৪ কোর্সের দক্ষতা ভিত্তিক প্রশিক্ষণ বাস্তবায়নের জন্য এ সিবিএলএমটি ব্যবহার করতে পারবে।

----- তারিখে অনুষ্ঠিত ----- কর্তৃপক্ষ সভায় অনুমোদিত।

সক্ষমতাভিত্তিক শিখন উপকরণ ব্যবহার নির্দেশিকা

মডিউলটিতে গার্মেন্টস ম্যানুফ্যাকচারিং এর জন্য কাঁচামাল এবং মেশিন সমূহ সনাক্ত করণের জন্য প্রয়োজনীয় জ্ঞান, দক্ষতা এবং আচরণ (কেএসএ) সমূহকে অন্তর্ভুক্ত করা হয়েছে। এতে নির্দিষ্টভাবে গার্মেন্টস এর জন্য ট্রিমস এবং এক্সেসরিস সনাক্তকরণ এবং বেসিক মেশিনসমূহ সনাক্তকরণ সম্পর্কিত সক্ষমতাসমূহ অন্তর্ভুক্ত রয়েছে। শিখন কার্যক্রমের ধারা জানার জন্য "শিখন কার্যক্রম" অংশটি অনুসরণ করুন। ধারাবাহিকভাবে জানার জন্য সূচিপত্র, তথ্যপত্র, কার্যক্রম পত্র, শিখন কার্যক্রম, শিখনফল এবং উত্তরপত্রে পৃষ্ঠা নম্বর ব্যবহার করা হয়েছে। নির্দিষ্ট পাঠের সাথে সঠিক সহায়ক উপাদান সম্পর্কে জানার জন্যে শিখন কার্যক্রম অংশটি দেখতে হবে। এই শিখন কার্যক্রম অংশ আপনার সক্ষমতা অর্জন অনুশীলনের রোডম্যাপ হিসাবে কাজ করে।

তথ্যপত্রটি পড়ুন। এতে কার্যক্রম সম্পর্কে সঠিক ধারণা এবং সুনির্দিষ্টভাবে কাজ করার ধারণা পাওয়া যাবে। 'তথ্যপত্রটি' পড়া শেষ করে 'সেলফ চেক শীট' এ উল্লিখিত প্রশ্নগুলোর উত্তর প্রদান করুন। শিখন গাইডের তথ্যপত্রটি অনুসরণ করে 'সেলফ চেক শিট' সমাপ্ত করুন। 'সেলফ চেক' শীটে দেয়া প্রশ্নগুলোর উত্তর সঠিক হয়েছে কি না তা জানার জন্য 'উত্তর পত্র' দেখুন।

জব শীটে নির্দেশিত ধাপ অনুসরণ করে যাবতীয় কার্য সম্পাদন করুন। এখানেই আপনি নতুন সক্ষমতা অর্জনের পথে আপনার নতুন জ্ঞান কাজে লাগাতে পারবেন।

এই মডিউল অনুযায়ী কাজ করার সময় নিরাপত্তা বিষয়টি সম্পর্কে সচেতন থাকবেন। কোনো প্রশ্ন থাকলে ফ্যাসিলিটিটরকে প্রশ্ন করতে সংকোচ করবেন না।

এই শিখন গাইডে নির্দেশিত সকল কাজ শেষ করার পর অর্জিত সক্ষমতা মূল্যায়ন করে নিশ্চিত হবেন যে, আপনি পরবর্তী মূল্যায়নের জন্য কতটুকু উপযুক্ত। প্রয়োজনীয় সব সক্ষমতা অর্জন হয়েছে কিনা তা জানার জন্য মডিউলের শেষে সক্ষমতা মান এর একটি চেকলিস্ট দেওয়া হয়েছে। এই তথ্যটি কেবলমাত্র আপনার নিজের জন্য।

সূচিপত্র

| | |
|--|----|
| কপিরাইট | i |
| সক্ষমতাভিত্তিক শিখন উপকরণ ব্যবহার নির্দেশিকা | v |
| মডিউল কন্টেন্ট | ১ |
| শিখনফল (Learning Outcome)- ১ : গার্মেন্টস এর জন্য ট্রিমস এবং এক্সেসরিস সনাক্ত করতে পারবেন। | ২ |
| শিক্ষণ/প্রশিক্ষণ কার্যক্রম (Learning Activities) -১ : গার্মেন্টস এর জন্য ট্রিমস এবং এক্সেসরিস সনাক্ত করা ৩ | |
| ইনফরমেশন শিট (Information Sheet) ১: গার্মেন্টস এর জন্য ট্রিমস এবং এক্সেসরিস সনাক্ত করা। | ৪ |
| সেলফ চেক (Self Check)- ১: গার্মেন্টস এর জন্য ট্রিমস এবং এক্সেসরিস সনাক্ত করতে পারা। | ৮ |
| উত্তরপত্র (Answer Key)-১: গার্মেন্টস এর জন্য ট্রিমস এবং এক্সেসরিস সনাক্ত করতে পারা। | ৯ |
| জব শিট -১: নির্দিষ্ট গার্মেন্টস এ ব্যবহৃত ট্রিমস এবং এক্সেসরিস সনাক্ত করুন। | ১০ |
| স্পেসিফিকেশন শিট -১: নির্দিষ্ট গার্মেন্টস এ ব্যবহৃত ট্রিমস এবং এক্সেসরিস সনাক্ত করুন। | ১১ |
| শিখনফল (Learning Outcome)- ২: বেসিক মেশিনসমূহ সনাক্ত করতে পারবেন। | ১২ |
| শিক্ষণ/প্রশিক্ষণ কার্যক্রম (Learning Activities) ২: বেসিক মেশিনসমূহ সনাক্ত করা। | ১৩ |
| ইনফরমেশন শিট (Information Sheet) ২: বেসিক মেশিনসমূহ সনাক্ত করা। | ১৪ |
| সেলফ চেক শিট (Self Check Sheet)-২: বেসিক মেশিনসমূহ সনাক্ত করা। | ২১ |
| উত্তর পত্র (Answer Key)- ২: বেসিক মেশিনসমূহ সনাক্ত করা। | ২২ |
| জব শিট (Job Sheet)- ২: গার্মেন্টস স্যাম্পল থেকে স্টিচ সনাক্ত করে প্রকারভেদ করা। | ২৩ |
| স্পেসিফিকেশন শিট (Specification Sheet) ২: গার্মেন্টস স্যাম্পল থেকে স্টিচ সনাক্ত করে প্রকারভেদ করা। | ২৪ |
| দক্ষতা পর্যালোচনা (Review of Competency) | ২৫ |
| সিবিএলএম প্রনয়ন | ২৬ |
| রেফারেন্স | ২৭ |

মডিউল কন্টেন্ট

| | |
|-----------------|--|
| ইউ ও সি শিরোনাম | গার্মেন্টস ম্যানুফ্যাকচারিং এর জন্য কীচামাল এবং মেশিন সমূহ সনাক্ত করা |
| ইউ ও সি কোড | OU-RMG-PPS-002-L4-V1 |
| মডিউল শিরোনাম | গার্মেন্টস ম্যানুফ্যাকচারিং এর জন্য কীচামাল এবং মেশিন সমূহ সনাক্ত করণ |
| মডিউলের বর্ণনা | এই মডিউলটিতে গার্মেন্টস ম্যানুফ্যাকচারিং এর জন্য কীচামাল এবং মেশিন সমূহ সনাক্ত করণের জন্য প্রয়োজনীয় জ্ঞান, দক্ষতা এবং আচরণ (কেএসএ) সমূহকে অন্তর্ভুক্ত করা হয়েছে। এতে নির্দিষ্টভাবে গার্মেন্টস এর জন্য ট্রিমস এবং এক্সেসরিস সনাক্তকরণ এবং বেসিক মেশিনসমূহ সনাক্তকরণ সম্পর্কিত সক্ষমতাসমূহ অন্তর্ভুক্ত রয়েছে। |
| নমিনাল সময় | ২০ ঘন্টা |
| শিখনফল | এই মডিউলটি সম্পন্ন করার পর প্রশিক্ষার্থীরা নিম্ন বর্ণিত কাজ গুলো করতে পারবেন। ১. গার্মেন্টস এর জন্য ট্রিমস এবং এক্সেসরিস সনাক্ত করতে পারবেন। ২. বেসিক মেশিনসমূহ সনাক্ত করতে পারবেন। |

অ্যাসেসমেন্ট ক্রাইটেরিয়া: (Assessment Criteria)

১. ট্রিমস এবং এক্সেসরিস ব্যাখ্যা করা হয়েছে।
২. ট্রিমস এবং এক্সেসরিস সনাক্ত করা হয়েছে।
৩. ট্রিমস এবং এক্সেসরিস এর তালিকা প্রস্তুত করা হয়েছে।
৪. স্পেসিফিকেশন অনুযায়ী বেসিক মেশিনের সমূহের ধরন সনাক্ত করা হয়েছে।
৫. কাজের চাহিদা অনুযায়ী স্টিচ সিমের ও প্রকারভেদ সনাক্ত করা হয়েছে।
৬. প্রোডাক্ট স্টাইল অনুযায়ী সুইং মেশিনের তালিকা প্রস্তুত করা হয়েছে।

শিখনফল (Learning Outcome)- ১ : গার্মেন্টস এর জন্য ট্রিমস এবং এক্সেসরিস সনাক্ত করতে পারবেন।

| | |
|----------------------|--|
| অ্যাসেসমেন্ট মানদণ্ড | <ol style="list-style-type: none"> ১. ট্রিমস এবং এক্সেসরিস ব্যাখ্যা করা হয়েছে। ২. ট্রিমস এবং এক্সেসরিস সনাক্ত করা হয়েছে। ৩. ট্রিমস এবং এক্সেসরিস এর তালিকা প্রস্তুত করা হয়েছে। |
| শর্ত ও রিসোর্স | <ol style="list-style-type: none"> ১. সিবিএলএম ২. ট্রিমস এবং এক্সেসরিস ৩. কনজিউমএবল ম্যাটেরিয়ালস |
| বিষয়বস্তু | <ol style="list-style-type: none"> ১. ট্রিমস এবং এক্সেসরিস ব্যাখ্যা করা ২. ট্রিমস এবং এক্সেসরিস সনাক্ত করা ৩. ট্রিমস এবং এক্সেসরিস এর তালিকা প্রস্তুত করা |
| এক্টিভিটি | <ol style="list-style-type: none"> ১. নির্দিষ্ট গার্মেন্টস এর জন্য ট্রিমস এবং এক্সেসরিস সনাক্ত করুন। |
| প্রশিক্ষণ পদ্ধতি | <ol style="list-style-type: none"> ১. প্রেজেন্টেশন ২. লেকচার ৩. ডেমনস্ট্রেশন |
| অ্যাসেসমেন্ট পদ্ধতি | <ol style="list-style-type: none"> ১. লিখিত অভীক্ষা (Written Test) ২. প্রদর্শন (Demonstration) ৩. মৌখিক প্রশ্ন (Oral Questioning) |

শিক্ষণ/প্রশিক্ষণ কার্যক্রম (Learning Activities) -১ : গার্মেন্টস এর জন্য ট্রিমস এবং এক্সেসরিস সনাক্ত করা

এই শিখনফল অর্জনের লক্ষ্যে শিখনফলে অন্তর্ভুক্ত বিষয়বস্তু এবং পারফরম্যান্স ক্রাইটেরিয়া অর্জনের জন্য নিম্নলিখিত কার্যক্রমগুলো পর্যায়ক্রমে সম্পাদন করুন। কার্যক্রমগুলোর জন্য বর্ণিত রিসোর্সসমূহ ব্যবহার করুন।

| শিখন কার্যক্রম (Learning Activities) | উপকরণ / বিশেষ নির্দেশনা (Resources / Special instructions) |
|--|--|
| ১. এই মডিউলটির ব্যবহার নির্দেশিকা অনুসরণ করতে হবে। | ১. প্রশিক্ষক প্রশিক্ষার্থীদের “গার্মেন্টস এর জন্য ট্রিমস এবং এক্সেসরিস সনাক্ত করা” শেখার উপকরণ প্রদান করবেন |
| ২. ইনফরমেশন শিট পড়তে হবে। | ২. ইনফরমেশন শিট ১ : গার্মেন্টস এর জন্য ট্রিমস এবং এক্সেসরিস সনাক্ত করতে পারবেন। |
| ৩. সেলফ চেকে প্রদত্ত প্রশ্নগুলোর উত্তর প্রদান করুন এবং উত্তরপত্রের সাথে মিলিয়ে নিশ্চিত হতে হবে। | ৩. সেক্স-চেক শিট ১ -এ দেয়া প্রশ্নগুলোর উত্তর প্রদান করুন। উত্তরপত্র ১ -এর সাথে নিজের উত্তর মিলিয়ে নিশ্চিত করুন। |
| ৪. জব/টাস্ক শিট ও স্পেসিফিকেশন শিট অনুযায়ী জব সম্পাদন করুন। | ৪. জব শিট-১: নির্দিষ্ট গার্মেন্টস এর জন্য ট্রিমস এবং এক্সেসরিস সনাক্ত করুন। |

ইনফরমেশন শিট (Information Sheet) ১: গার্মেন্টস এর জন্য ট্রিমস এবং এক্সেসরিস সনাক্ত করা।

শিখন উদ্দেশ্য (Learning Objective): এই ইনফরমেশন শীট পড়ে শিক্ষার্থীগণ-

১.১. গার্মেন্টস এর জন্য ট্রিমস এবং এক্সেসরিস সম্পর্কে জানতে পারবেন।

১.২. গার্মেন্টস এর জন্য ট্রিমস সনাক্ত করতে পারবেন।

১.৩. গার্মেন্টস এর জন্য এক্সেসরিস সনাক্ত করতে পারবেন।

ট্রিমস এবং এক্সেসরিজ

কাপড় বাদে ফ্রেতা বা কাস্টমারের চাহিদা অনুযায়ী পোশাকের সাথে যে জিনিস বা সেলাই সামগ্রী ব্যবহার করা হয় তাকে ট্রিমস এবং এক্সেসরিস বলে। যেমন – সেলাই সুতা ,বাটন ,জিপার ,লেবেল , স্টিকার, হ্যাংটাগ , ইন্টারলাইনিং ইত্যাদি। এগুলোকে সাধারণত দুই ভাগে ভাগ করা হয়ঃ

ট্রিমস : যে জিনিস বা সেলাই সামগ্রী গুলো পোশাকের সাথে সব সময় যুক্ত থাকে তাকে ট্রিমস বলে। যেমন - সেলাই সুতা ,বাটন ,জিপার ,লেবেল। ট্রিমস পোশাকের সাথে সরাসরি লেগে থাকে। আমরা যখন কোন পোশাক ব্যবহার করি তখনো ট্রিমস ব্যবহার করি। ট্রিমস ফেলে দিলে পোশাক তার ব্যবহারের যোগ্যতা হারাবে।

এক্সেসরিস : যে জিনিস বা সামগ্রী গুলো পোশাকের সৌন্দর্য বৃদ্ধির জন্য ব্যবহার করা হয় তাকে এক্সেসরিস বলে। যেমন - স্টিকার, হ্যাংটাগ ,হ্যাংগার ,পলিব্যাগ ,কার্টুন ইত্যাদি। পোশাক ব্যবহারের আগে এক্সেসরিস ফেলে দিতে হয়।














ট্রিমস











এক্সেসরিস





সুইং ট্রিমসঃ সুইং ট্রিমস মূলত নির্দিষ্ট ব্যবহারিক উদ্দেশ্যে ব্যবহার করা হয়। যেমনঃ ক্লোজিং, ফাস্টেনিং, স্ট্রেন্‌দিনিং। নিচে কিছু সুইং ট্রিমস এর উদাহরণ দেওয়া হলো-

| | | |
|---|---|--|
|  |  |  |
| সুইং থ্রেডস | বাটন | জিপার |
|  |  |  |
| রিভেট | ভেলক্রো | লেবেল |
|  |  |  |
| লাইনিং | ইন্টারলাইনিং | স্ল্যাপ ফাস্টেনার |
|  |  | |
| কর্ড | হুক এবং আই | |

ফিনিসিং ট্রিমসঃ ফিনিসিং ট্রিমস হলো পোশাক তৈরির শেষ পর্যায়ে ব্যবহৃত সমস্ত উপাদান যা ব্যবহার পোশাককে আরও সুন্দর, পলিশড এবং উন্নত মানের দেখায়। ফিনিসিং ট্রিমস মূলত পোশাকের ডেকোরেশনের জন্য ব্যবহৃত হয়। নিচে কিছু ফিনিসিং ট্রিমস এর উদাহরণ দেওয়া হলোঃ

| | | |
|---|--|--|
|  |  |  |
| <p>রিবন</p> | <p>লেস</p> | <p>রিকর্যাক</p> |
|  |  |  |
| <p>বিডস</p> | <p>সিকুইন</p> | <p>প্যাচেস</p> |
|  |  | |
| <p>ফ্রিঞ্জ</p> | <p>এমব্রয়ডারি</p> | |

এক্সেসরিসকে আবার চারটি ভাগে ভাগ করা যায়-

| | |
|--|--|
| <p>ইনফরমেটিভ এক্সেসরিজঃ যেসব এক্সেসরিজে পোশাক বা প্রস্তুতকারক প্রতিষ্ঠান সম্পর্কে তথ্য দেওয়া থাকে তাকে ইনফরমেটিভ এক্সেসরিস বলে। যেমনঃ প্রাইস ট্যাগ</p> |  |
| <p>ডেকোরেটিভ এক্সেসরিজঃ ডেকোরেটিভ এক্সেসরিস পোশাকের সামগ্রিক উপস্থাপনের সৌন্দর্যবর্ধন করে। যেমনঃ পোশাকের প্যাকেজিং</p> |  |
| <p>পেপার মেইড এক্সেসরিজঃ পেপার বা কাগজের তৈরি এক্সেসরিস। যেমনঃ প্রাইস ট্যাগ বা কাগজের প্যাকেট। এই ধরনের এক্সেসরিস পরিবেশবান্ধব হয়ে থাকে।</p> |  |
| <p>প্লাস্টিক মেইড এক্সেসরিজঃ প্লাস্টিকের তৈরি এক্সেসরিস। যেমনঃ প্লাস্টিকের হ্যাঞ্জার বা প্লাস্টিকের প্রাইস ট্যাগ।</p> |  |

সেলফ চেক (Self Check)- ১: গার্মেন্টস এর জন্য ড্রিমস এবং এক্সেসরিস সনাক্ত করতে পারা।

প্রশিক্ষার্থীদের জন্য নির্দেশনা:- উপরোক্ত ইনফরমেশন শীট পাঠ করে নিচের প্রশ্নগুলোর উত্তর লিখুন-

সংক্ষিপ্ত প্রশ্নঃ

১. ড্রিমস বলতে কি বোঝায়? ৩ টি ড্রিমস এর উদাহরণ দাও।

উত্তরঃ

২. এক্সেসরিস বলতে কি বোঝায়? ৩ টি এক্সেসরিস এর উদাহরণ দাও।

উত্তরঃ

৩. সুইং ড্রিমস ব্যবহার এর উদ্দেশ্য কি?

উত্তরঃ

৪. ফিনিসিং ড্রিমস ব্যবহার এর উদ্দেশ্য কি?

উত্তরঃ

৫. চার খরণের এক্সেসরিস কি কি?

উত্তরঃ

উত্তরপত্র (Answer Key)-১: গার্মেন্টস এর জন্য ট্রিমস এবং এক্সেসরিস সনাক্ত করতে পারা।

১. ট্রিমস বলতে কি বোঝায়? ৩ টি ট্রিমস এর উদাহরণ দাও।

উত্তরঃ যে জিনিস বা সেলাই সামগ্রী গুলো পোশাকের সাথে সব সময় যুক্ত থাকে তাকে ট্রিমস বলে। যেমন - সেলাই সুতা, বাটন, জিপার, লেবেল।

২. এক্সেসরিস বলতে কি বোঝায়? ৩ টি এক্সেসরিস এর উদাহরণ দাও।

উত্তরঃ যে জিনিস বা সামগ্রী গুলো পোশাকের সৌন্দর্য বৃদ্ধির জন্য ব্যবহার করা হয় তাকে এক্সেসরিস বলে। যেমন - স্টিকার, হ্যাংট্যাগ, হ্যাংগার।

৩. সুইং ট্রিমস ব্যবহার এর উদ্দেশ্য কি?

উত্তরঃ সুইং ট্রিমস মূলত নির্দিষ্ট ব্যবহারিক উদ্দেশ্যে ব্যবহার করা হয়। যেমনঃ ক্লোজিং, ফাস্টেনিং, স্ট্রেন্দিনিং।

৪. ফিনিসিং ট্রিমস ব্যবহার এর উদ্দেশ্য কি?

উত্তরঃ ফিনিসিং ট্রিমস মূলত পোশাকের ডেকোরেশনের জন্য ব্যবহৃত হয়।

৫. চার ধরনের এক্সেসরিস কি কি?

উত্তরঃ

- ইনফরমেটিভ এক্সেসরিজ
- ডেকোরেটিভ এক্সেসরিজ
- পেপার মেইড এক্সেসরিজ
- প্লাস্টিক মেইড এক্সেসরিজ

জব শিট -১: নির্দিষ্ট গার্মেন্টস এ ব্যবহৃত ট্রিমস এবং এক্সেসরিস সনাক্ত করুন।

উদ্দেশ্য: নির্দিষ্ট গার্মেন্টস এ ব্যবহৃত ট্রিমস এবং এক্সেসরিস সনাক্ত করতে পারবে

কাজের ধারাবাহিকতা:

১. প্রয়োজনীয় ব্যক্তিগত সুরক্ষা সরঞ্জাম পিপিই (PPE) সংগ্রহ ও ব্যবহার করুন।
২. সরবরাহকৃত জবশীট এবং স্পেসিটিকেশন অনুযায়ী সমস্ত উপকরণ,মালামাল ও সুরক্ষা সরঞ্জাম এবং যন্ত্রপাতি সংগ্রহ করুন।
৩. সরবরাহকৃত জবশীট এবং স্পেসিটিকেশন অনুযায়ী সমস্ত উপকরণ,মালামাল ও সরঞ্জামের কার্যকারিতা ও পরিমাণ ঠিক আছে কিনা তা যাচাই করুন।
৪. স্পেসিটিকেশন শীট থেকে প্রয়োজনীয় তথ্য সংগ্রহ করুন।
৫. গার্মেন্টস এর স্যম্পলটি সংগ্রহ করুন।
৬. গার্মেন্টস তৈরির জন্য ফেব্রিক ব্যাভীত আর কিকি সামগ্রী ব্যবহার করা হয়েছে তা সনাক্ত করুন।
৭. সনাক্তকৃত ট্রিম এবং এক্সেসরিস তালিকাভুক্ত করুন।
৮. কাজ শেষে প্রাপ্ত ফলাফল যাচাই এবং লিপিবদ্ধ করুন।
৯. কাজ শেষে আপনার প্রশিক্ষককে অবহিত করুন।
১০. কাজটিকে মূল্যায়নের জন্য আপনার প্রশিক্ষককের নিকট উপস্থাপন করুন।
১১. ওয়ার্কপ্লেন স্ট্যান্ডার্ড অনুসারে ব্যবহৃত সমস্ত উপকরণ,মালামাল ও সুরক্ষা সরঞ্জাম এবং যন্ত্রপাতি সংরক্ষণ করুন।

স্পেসিফিকেশন শিট -১: নির্দিষ্ট গার্মেন্টস এ ব্যবহৃত ট্রিমস এবং এক্সেসরিস সনাক্ত করুন।

উদ্দেশ্য: নির্দিষ্ট গার্মেন্টস এ ব্যবহৃত ট্রিমস এবং এক্সেসরিস সনাক্ত করতে পারবে

প্রয়োজনীয় পিপিই

| ক্রম | পিপিই এর নাম | স্পেসিফিকেশন | একক | পরিমাণ |
|------|--------------|--------------|--------|--------|
| ১. | মাস্ক | | সংখ্যা | ০১ |
| ২. | এপ্রন | | সংখ্যা | ০১ |

প্রয়োজনীয় উপাদান এবং সরঞ্জাম

| ক্রম | টুলস এবং ইকুইপমেন্টস এর নাম | স্পেসিফিকেশন | একক | পরিমাণ |
|------|-----------------------------|--------------|--------|--------|
| ১. | কাগজ | | সংখ্যা | ০১ |
| ২. | কলম | | সংখ্যা | ০১ |
| ৩. | ট্রিম কার্ড | | সংখ্যা | ০১ |

শিখনফল (Learning Outcome)- ২: বেসিক মেশিনসমূহ সনাক্ত করতে পারবেন।

| | |
|-----------------------|--|
| অ্যাসেসমেন্ট মানদণ্ড | ১. স্পেসিফিকেশন অনুযায়ী বেসিক মেশিনের সমূহের ধরন সনাক্ত করা হয়েছে। ২. কাজের চাহিদা অনুযায়ী স্টিচ ও সিমের প্রকারভেদ সনাক্ত করা হয়েছে। ৩. প্রোডাক্ট স্টাইল অনুযায়ী সুইং মেশিনের তালিকা প্রস্তুত করা হয়েছে। |
| শর্ত ও রিসোর্স | ১. সিবিএলএম ২. স্যাম্পল ৩. কনজিয়উমএবল ম্যাটেবিয়েল |
| বিষয়বস্তু | ৪. স্পেসিফিকেশন অনুযায়ী বেসিক মেশিনের সমূহের ধরন সনাক্ত করা ৫. কাজের চাহিদা অনুযায়ী স্টিচ ও সিমের প্রকারভেদ করা ৬. প্রোডাক্ট স্টাইল অনুযায়ী সুইং মেশিনের তালিকা প্রস্তুত করা |
| অ্যাক্টিভিটি/টাস্ক/জব | ১. টেক্সটাইল ম্যানুফ্যাকচারিং প্রক্রিয়া তালিকাবদ্ধ করুন। |
| প্রশিক্ষণ পদ্ধতি | ১. প্রেজেন্টেশন ২. লেকচার ৩. ডেমনস্ট্রেশন |
| অ্যাসেসমেন্ট পদ্ধতি | ১. লিখিত অভীক্ষা (Written Test) ২. প্রদর্শন (Demonstration) ৩. মৌখিক প্রশ্ন (Oral Questioning) |

শিক্ষণ/প্রশিক্ষণ কার্যক্রম (Learning Activities) ২: বেসিক মেশিনসমূহ সনাক্ত করা।

এই শিখনফল অর্জনের লক্ষ্যে শিখনফলে অন্তর্ভুক্ত বিষয়বস্তু এবং পারফরম্যান্স ক্রাইটেরিয়া অর্জনের জন্য নিম্নলিখিত কার্যক্রমগুলো পর্যায়ক্রমে সম্পাদন করুন। কার্যক্রমগুলোর জন্য বর্ণিত রিসোর্সসমূহ ব্যবহার করুন।

| শিখন কার্যক্রম (Learning Activities) | উপকরণ / বিশেষ নির্দেশনা (Resources / Special instructions) |
|--|--|
| ১. এই মডিউলটির ব্যবহার নির্দেশিকা অনুসরণ করতে হবে। | ১. প্রশিক্ষক প্রশিক্ষার্থীদের “বেসিক মেশিনসমূহ সনাক্ত করা ” শেখার উপকরণ প্রদান করবেন। |
| ২. ইনফরমেশন শিট পড়তে হবে। | ২. ইনফরমেশন শিট ২ : বেসিক মেশিনসমূহ সনাক্ত করা। |
| ৩. সেলফ চেকে প্রদত্ত প্রশ্নগুলোর উত্তর প্রদান করুন এবং উত্তরপত্রের সাথে মিলিয়ে নিশ্চিত হতে হবে। | ৩. সেল্ফ-চেক শিট ২ -এ দেয়া প্রশ্নগুলোর উত্তর প্রদান করুন। উত্তরপত্র ২ -এর সাথে নিজের উত্তর মিলিয়ে নিশ্চিত করুন। |
| ৪. জব/টাস্ক শিট ও স্পেসিফিকেশন শিট অনুযায়ী জব সম্পাদন করুন। | ৪. নিম্নোক্ত জব/টাস্ক শিট অনুযায়ী জব/টাস্ক সম্পাদন করুন জব শিট-২: গার্মেন্টস স্যাম্পল থেকে স্টিচ সনাক্ত করে প্রকারভেদ করা। |

ইনফরমেশন শিট (Information Sheet) ২: বেসিক মেশিনসমূহ সনাক্ত করা।

শিখন উদ্দেশ্য (Learning Objective): এই ইনফরমেশন শীট পড়ে শিক্ষার্থীগণ-

- ১.১ স্পেসিফিকেশন অনুযায়ী বেসিক মেশিনের সমূহের ধরন সনাক্ত এবং তালিকা প্রস্তুত করা।
- ১.২ কাজের চাহিদা অনুযায়ী স্টিচ ও সিমের প্রকারভেদ করা

২.১. বেসিক সুইং মেশিন

| | |
|--|--|
| <p>সিঙ্গেল নিডেল মেশিনঃ সিঙ্গেল নিডেল লক স্টিচ মেশিনে একটি নিডেল, একটি ববিন ও একটি ববিন কেস থাকে। দুইটি সুতা ব্যবহার করে সিঙ্গেল নিডেল লক স্টিচ মেশিনে সুইং করা হয়। এই মেশিনের সুইং উপরে নিচে একই রকম দেখা যায়। এই মেশিনকে লক স্টিচ ছাড়াও প্লেন মেশিন ও বলা হয়। এই মেশিনের সাহায্যে বিভিন্ন ধরনের সুইং করা যায়।</p> <p>যেমনঃ সোজা সুইং, ব্যাক ট্যাপ সুইং, বাঁকা সুইং ইত্যাদি।</p> |  |
| <p>ডাবল নিডেল মেশিনঃ যে মেশিনে দুইটি নিডেল ও দুইটি ববিন থাকে তাকে ডাবল নিডেল লক স্টিচ মেশিন বলে। ববিন ও নিডেলের সুতার মাধ্যমে লক স্টিচ হয়। এই মেশিনে দুইটি সুইং একই সাথে সমান্তরাল ভাবে হয়। এই মেশিনের সুইং উপরে এবং নিচে দেখতে একই রকম হয়। বায়ারের নির্দেশনা অনুযায়ী পোশাকের বিভিন্ন অংশ সুইং করার ডাবল নিডেল লক স্টিচ মেশিন ব্যবহার করা হয়। তাছাড়া এ মেশিন চেইন স্টিচ সমৃদ্ধ ও পাওয়া যায়।</p> <p>নিম্ন লিখিত কাজে এ মেশিন ব্যবহৃত হয়।</p> <ul style="list-style-type: none">▪ সোল্ডার থেকে সোল্ডার টেপ এ্যাটাচ▪ সাইড টপ স্টিচ▪ টেপ এ্যাটাচ▪ আর্মহুল টপ স্টিচ▪ ডেকোরেটিভ স্টিচ |  |

ওভারলক মেশিনঃ কাপড়ের দুটি অংশ কে যুক্ত করার জন্য এবং যুক্ত অংশের প্রান্তকে সুইংয়ের মাধ্যমে বুন করার জন্য যে মেশিন ব্যবহার করা হয় তাকে ওভার লক মেশিন বলে। এই মেশিনে নিডেল এবং লুপারের সাহায্যে সুইং করা হয়। এই মেশিন বিভিন্ন ধরনের হয়ে থাকে। যেমন

- স্থি বা তিন সুতা বিশিষ্ট ওভারলক
- ফোর থ্রেড বা চার সুতা বিশিষ্ট ওভার
- ফাইভ বা পাঁচ সুতা বিশিষ্ট ওভারলক



ফিড অব দ্যা আর্ম যে মেশিনে দুটি অথবা তিনটি নিডেল, দুইটি অথবা তিনটি লুপার থাকে এবং চারটি অথবা ছয়টি সুতার সাহায্যে সুইং সম্পন্ন করা হয় তাকে ফিড অফ দি আর্ম মেশিন বলে। এই মেশিনের সাহায্যে চেইন স্টিচ সুইং করা হয়। এই মেশিনের সাহায্যে শার্ট, প্যান্ট ইত্যাদি পোশাকের বিভিন্ন অংশের সুইং সম্পন্ন করা হয়। ফিড অফ দি আর্ম মেশিন দিয়ে বিভিন্ন ধরনের অপারেশন করা হয়। তার মধ্যে উল্লেখ যোগ্য কিছু অপারেশন নিচে দেওয়া হল –

- ব্যাক রাইস জয়েন্ট
- সাইড সিম টপ স্টিচ



কানসাই মাল্টি নিডেলঃ যে মেশিনে একের অধিক নিডেল এবং লুপার থাকে তাকে মাল্টি নিডেল চেইন স্টিচ মেশিন বলে।

ব্যবহারঃ এই মেশিন আন্ডারওয়্যার, স্পোর্টস ওয়্যার, মহিলাদের পোশাক ইত্যাদিতে পোশাকের ইলাস্টিক জয়েন, ওয়েস্ট ব্যান্ড ইত্যাদি কাজে ব্যবহার করা হয়। তাছাড়া প্যান্টের ওয়েস্ট বেস্ট জয়েন্ট করতে এ মেশিন ব্যাপক ভাবে ব্যবহার করা হয়।



ফ্লাট লক মেশিনঃ ফ্ল্যাটলক সুইং মেশিনের প্রযুক্তিগত নাম টপ-বটমকভারিং চেইন স্টিচ মেশিন। এই মেশিনে সাধারণতঃ চার টি নিডেল ও দুটি লুপারের মাধ্যমে চেইন স্টিচ করা হয়। এই মেশিনে চার টি নিডেল ও দুটি লুপারের পরিবর্তে একটি নিডেল ও একটি লুপার ব্যবহার করা যায়। এই মেশিনে, নীচের দিকে আন্ত লুপিং হয় এবং উপরের দিকে ইন্টারলক করে, এই মেশিনগুলি প্রধানত টপ-বটম কভারিং করার জন্য ব্যবহৃত হয়।

ব্যবহার

- বটম , স্লিভ ও অন্যান্য হেমিং।
- ব্যাক বা নেকটেপ বাইন্ডিং
- নেক এবং আর্ম হোল বাইন্ডিং
- বিভিন্ন ধরনের টপ স্টিচ (নেক, আর্ম হোল)



বারটেক মেশিনঃ বারটেক বলতে ছোট দৈর্ঘ্যের একটি সেলাই কে বুঝায় যা দুটি কাপড়ের মিলিত স্থানকে শক্তিশালী করে। বারটেক মেশিনের সাহায্যে ছোট দৈর্ঘ্যের এই সেলাই করা হয়। এই মেশিনের সাহায্যে পোশাকের বিভিন্ন অংশকে শক্তিশালী করা হয়। যেমন – সাইড স্লিট, প্যান্টের বেল্ট লুপ, ক্রচ পয়েন্ট , পকেট , ইত্যাদি অংশে বার টেক করা হয়। বারটেক পরিমাপ বায়ার বা ক্রেতার উপর নির্ভর করে। তবে এটি সাধারণত প্রস্থে ১/১৬ থেকে ১/৮ ইঞ্চি (১.৬ থেকে ৩.২ মিমি) এবং দৈর্ঘ্যে ১/৪ থেকে ৩/৮ ইঞ্চি (৬.৪ থেকে ৯.৫ মিমি) হয়ে থাকে।



বাটন স্টিচ মেশিনঃ একটি বাটন স্টিচ মেশিন হলো এক ধরনের সেলাই মেশিন যা কাপড়ে বাটন সেলাই করার জন্য বিশেষভাবে ডিজাইন করা হয়েছে। বাটন স্টিচ মেশিন ব্যবহার করে বাটন সেলাই করা একটি তুলনামূলক সহজ প্রক্রিয়া। প্রথমে, মেশিনে উপযুক্ত সুতা এবং সুই শ্রেড করতে হবে। এরপর, কাপড়টি মেশিনের প্লেটের নিচে রাখতে হবে এবং বাটনটি সঠিক অবস্থানে রাখতে হবে। অবশেষে, মেশিনটি চালু করতে হবে এবং এটি স্বয়ংক্রিয়ভাবে বাটনটি সেলাই করবে।



বাটন হোল মেশিনঃ একটি বাটন হোল মেশিন হলো এক ধরনের সেলাই মেশিন যা কাপড়ে বাটন হোল তৈরি করার জন্য বিশেষভাবে ডিজাইন করা হয়েছে। বাটন হোল মেশিন ব্যবহার করে বাটন হোল তৈরি করা একটি তুলনামূলক সহজ প্রক্রিয়া। প্রথমে, মেশিনে উপযুক্ত সুতা এবং সুই থ্রেড করতে হবে। এরপর, কাপড়টি মেশিনের প্লেটের নিচে রাখতে হবে এবং বাটন হোলের জন্য সঠিক অবস্থান চিহ্নিত করতে হবে। অবশেষে, মেশিনটি চালু করতে হবে এবং এটি স্বয়ংক্রিয়ভাবে বাটন হোল তৈরি করবে।



আই হোল মেশিনঃ আই হোল/ কি হোল মেশিন নামেও হলো এক ধরনের বিশেষ সেলাই মেশিন যা কাপড়ে গোলাকার ছিদ্র তৈরি করার জন্য ব্যবহৃত হয়। এই ছিদ্রগুলি বিভিন্ন উদ্দেশ্যে ব্যবহার করা যেতে পারে, যেমন বেল্ট, লেস এবং অন্যান্য সামগ্রী লাগানো। আই হোল মেশিনগুলি হাতে ছিদ্র করার চেয়ে অনেক দ্রুত এবং কার্যকরভাবে গোলাকার ছিদ্র তৈরি করতে পারে। আই হোল মেশিনগুলি সর্বদা সঠিক এবং সামঞ্জস্যপূর্ণ ছিদ্র তৈরি করে। আই হোল মেশিনগুলি ব্যবহার করা তুলনামূলক সহজ।




স্ম্যাপ এটাচ মেশিনঃ স্ম্যাপ এটাচ মেশিন হলো এক ধরনের বিশেষ সেলাই মেশিন যা পোশাক, ব্যাগ এবং অন্যান্য জিনিসপত্রে স্ম্যাপ (প্রেস বোতাম) লাগানোর জন্য ব্যবহৃত হয়। স্ম্যাপ এটাচ মেশিন ব্যবহার করে স্ম্যাপ লাগানো একটি সহজ প্রক্রিয়া। প্রথমে, মেশিনে উপযুক্ত সুতা এবং সুই থ্রেড করতে হবে। এরপর, স্ম্যাপের দুটি অংশ মেশিনের প্লেটের নিচে রাখতে হবে এবং সঠিক অবস্থানে স্থাপন করতে হবে। অবশেষে, মেশিনটি চালু করতে হবে এবং এটি স্বয়ংক্রিয়ভাবে স্ম্যাপ লাগাবে।



বিভিন্ন প্রকারের স্টিচ

ক্লাস ১০০: সিজেল থ্রেড চেইনস্টিচ

ইন্ট্রালুপিং পদ্ধতিতে এক বা একাধিক নিডেল থেকে তৈরি সেলাই। সুইং থ্রেডের এক বা একাধিক লুপগুলি ফ্যাব্রিকের মধ্য দিয়ে যায় এবং ফ্যাব্রিকের মধ্য দিয়ে যাওয়ার পরে একই থ্রেডের পরবর্তী লুপ দিয়ে লুপ করে সুরক্ষিত হয়। এই ধরনের সেলাই খুবই অনিরাপদ কারণ প্রতিটি লুপ পরবর্তী লুপের উপর নির্ভরশীল এবং একটি একক থ্রেড ভাঙা পুরো সেলাইটিকে আলাদা করে দিতে পারে।



| | |
|---|--|
| <p>ক্লাস ২০০: হ্যান্ড স্টিচ</p> <p>এই ধরনের সেলাই হাতে করা হয় যা মূলত আলংকারিক উদ্দেশ্যে ব্যবহার করা হয়। এগুলি একটি মাত্র থ্রেড দ্বারা গঠিত হয় এবং সেলাইটি ফ্যাব্রিকের একপাশ থেকে অন্য দিকে যাওয়া সূতার একক লাইন দ্বারা আটকে থাকে। সাধারণত ব্যক্তিগত প্রয়োজন হিসাবে এই ধরনের স্টিচ ব্যবহৃত হয় তবে এটির নিখুঁত ফিনিশের কারণে উচ্চ-মূল্যের পোশাকগুলিতে টপস্টিচ হিসাবেও পাওয়া যায়।</p> |  |
| <p>ক্লাস ৩০০: লক স্টিচ</p> <p>সবচেয়ে বেশি ব্যবহৃত স্টিচ। কাপড়ের একপাশ থেকে থ্রেড বা থ্রেডগুলিকে অন্য পাশ থেকে আসা থ্রেডের সাথে ইন্টারল্যাচিং করা হয়। উপরের থ্রেডকে সুইং থ্রেড এবং নীচের থ্রেডকে ববিন থ্রেড বলা হয়। থ্রেডের ইন্টারল্যাচিং সেলাইটিকে সুরক্ষিত করে তোলে এবং এই ধরনের স্টিচের তৈরি সেলাই খুলে যাবার কোনও ভয় থাকেনা।</p> |  |
| <p>ক্লাস ৪০০: মাল্টি-থ্রেড চেইন স্টিচ</p> <p>এখানে সেলাই থ্রেডের একটি সেটে গঠিত লুপগুলি ফ্যাব্রিকের মধ্য দিয়ে যায় এবং লুপার থ্রেড নামক থ্রেডের আরেকটি সেট দ্বারা গঠিত লুপগুলির সাথে ইন্টারলুপিং এবং ইন্টারল্যাচিং দ্বারা আটকে থাকে। এটি ফ্যাব্রিকের সামনের দিকে একটি লকস্টিচের মতো দেখতে কিন্তু পিছনের দিকে লুপার থ্রেড দ্বারা তৈরি একটি ডাবল চেইন মতো দেখতে। লকস্টিচের তুলনায় বেশি শক্তিশালী এবং যেহেতু কোনো থ্রেডই ফ্যাব্রিকের মধ্যে একে অপরের সাথে মিশে থাকে না তাই সিমেন্ট পাকারিং হওয়ার সম্ভাবনা কম থাকে।</p> |  |
| <p>ক্লাস ৫০০: ওভার-এডজ চেইন স্টিচ</p> <p>এটি বেশিরভাগই ওভারলক স্টিচ নামে পরিচিত এবং একটি বা একাধিক সুইং থ্রেড দ্বারা গঠিত হয় যার মধ্যে অন্তত একটি থ্রেড কাপড়ের খোলা প্রান্তকে মুড়িয়ে রাখে। এই শ্রেণীর সমস্ত সেলাইয়ের ইলাস্টিসিটি ভালো থাকে। এছাড়াও, সেলাইয়ের আগে প্রান্তটি সুখ করার জন্য মেশিনে অটো ট্রিমিং থাকে।</p> |  |

| | |
|---|--|
| <p>ক্লাস ৬০০: কভারিং চেইন স্টিচ</p> <p>এটি ফ্ল্যাটলক স্টিচ নামে পরিচিত এবং নিডেল, লুপার এবং স্প্রডার নামক তিন সেট থ্রেড দ্বারা গঠিত হয়।</p> |  |
|---|--|


২.১: বিভিন্ন ধরনের সিম

| | |
|---|--|
| <p>সুপার- ইমপোজড সিমঃ এই সেলাইয়ে দুই বা ততোধিক কাপড়কে একে অপরের উপর স্তর করে রাখা হয়, কাটা অংশগুলোকে একত্র করা হয় এবং নির্দিষ্ট দূরত্বে এক বা একাধিক সারি সেলাই দেওয়া হয়।</p> |  |
| <p>ল্যাপড সিমঃ এ শ্রেণির সিমগুলো কমপক্ষে দুটি কাপড় দ্বারা তৈরি করা হয়। সিমের রেখা বরাবর সেলাইকৃত কাপড়ের প্রান্ত দুটি সাধারণত বিপরীত দিকে থাকে ও একটির প্রান্ত অপরটির উপ চাপানো (Over lap) থাকে।</p> |  |
| <p>বাউন্ড সিমঃ এ শ্রেণির সিম তৈরি করতে কমপক্ষে দুটি কাপড় লাগে। একটি কাপড়ের প্রান্ত অন্য কাপড়ের প্রান্ত দ্বারা মুড়ে দিতে হয় বিধায় একে বাউন্ড সিম বলে। যে কাপড়টি দ্বারা মুড়ে দেওয়া হয় ঐ কাপড়টি সাধারণত ভিন্ন রঙে ব্যবহার করা হয়। বাউন্ড সিম বহুল পরিমাণে পোশাক তৈরির জন্য ব্যবহৃত হয় এবং এটি ফাংশনাল ও ডেকোরিটিভ উভয় কাজেই প্রযোজ্য। বাউন্ড সিম তৈরির সেলাই মেশিনে ফোল্ডার ব্যবহার করার দরকার হয়।</p> |  |
| <p>ফ্লাট সিমঃ দুটি কাপড়ের প্রান্ত জোড়া লাগিয়ে এ শ্রেণির সিম করা হয়, তবে এ সিমের প্রান্ত দুটি পাশাপাশি অবস্থান করে অর্থাৎ একটি প্রান্ত অন্যটির উপর স্থাপন করা হয় না। মাঝে মাঝে সৌন্দর্যের উদ্দেশ্যে (Decorative purpose) প্রান্ত দুটির মধ্যে ফাঁক (Gap) রেখেও সিম তৈরি করা হয়।</p> |  |

ডেকোরেটিভ সিমঃ গার্মেন্টস এর সৌন্দর্য বৃদ্ধির জন্য ব্যবহৃত হয় । সাধারণত জিগজ্যাগ মেশিনে প্রস্তুত করা হয়।



এডজ নিটেনিং বা এডজ ফিনিশিং সিমঃ কাপড়ের প্রান্ত যাতে কোকড়িয়ে না যায় এজন্য প্রান্ত মুড়িয়ে কাপড়ের সাথে সেলাই করে দেওয়া হয়।



সেলফ চেক শিট (Self Check Sheet)-২: বেসিক মেশিনসমূহ সনাক্ত করা।

প্রশিক্ষার্থীদের জন্য নির্দেশনা:- উপরোক্ত ইনফরমেশন শীট পাঠ করে নিচের প্রশ্নগুলোর উত্তর লিখুন-

সংক্ষিপ্ত প্রশ্নঃ

১. ডাবল নিডেল লক স্টিচ মেশিনের ৫ টি অপারেশনের নাম লিখ।
উত্তরঃ

২. তিন ধরনের ওভার লক মেশিন এর নাম লিখ।
উত্তরঃ

৩. গার্মেন্টস এ বাটন সংযুক্ত করার জন্য কিকি মেশিন ব্যবহার করা হয়?
উত্তরঃ

৪. বিভিন্ন ধরনের সিম এর নাম লিখো।
উত্তরঃ

৫. বিভিন্ন ধরনের স্টিচ এর নাম লিখো।
উত্তরঃ

উত্তর পত্র (Answer Key)- ২: বেসিক মেশিনসমূহ সনাক্ত করা।

প্রশিক্ষার্থীদের জন্য নির্দেশনা:- উপরোক্ত ইনফরমেশন শীট পাঠ করে নিচের প্রশ্নগুলোর উত্তর লিখুন-
সংক্ষিপ্ত প্রশ্নঃ

১. ডাবল নিডেল লক স্টিচ মেশিনের ৫ টি অপারেশনের নাম লিখ।

উত্তরঃ

- সোল্ডার থেকে সোল্ডার টেপ এ্যাটাচ
- সাইড টপ স্টিচ
- টেপ এ্যাটাচ
- আর্মহুল টপ স্টিচ
- ডেকোরেটিভ স্টিচ

২. তিন ধরণের ওভার লক মেশিন এর নাম লিখ।

উত্তরঃ

- থ্রি বা তিন সুতা বিশিষ্ট ওভারলক
- ফোর থ্রেড বা চার সুতা বিশিষ্ট ওভার
- ফাইভ বা পাঁচ সুতা বিশিষ্ট ওভারলক

৩. গার্মেন্টস এ বাটন সংযুক্ত করার জন্য কিকি মেশিন ব্যবহার করা হয়?

উত্তরঃ বাটন হোল মেশিন এবং বাটন স্টিচ মেশিন।

৪. বিভিন্ন ধরণের সিম এর নাম লিখো।

উত্তরঃ

- সুপার- ইমপোজড সিম
- ল্যাপড সিম
- বাউন্ড সিম
- ফ্লাট সিম
- ডেকোরেটিভ সিম
- এডজ নিটেনিং বা এডজ ফিনিশিং সিম

৫. বিভিন্ন ধরণের স্টিচ এর নাম লিখো।

উত্তরঃ

- ক্লাস ১০০: সিঙ্গেল থ্রেড চেইনস্টিচ
- ক্লাস ২০০: হ্যান্ড স্টিচ
- ক্লাস ৩০০: লক স্টিচ
- ক্লাস ৪০০: মাল্টি-থ্রেড চেইন স্টিচ
- ক্লাস ৫০০: ওভার-এডজ চেইন স্টিচ
- ক্লাস ৬০০: কভারিং চেইন স্টিচ

জব শিট (Job Sheet)- ২: গার্মেন্টস স্যাম্পল থেকে স্টিচ সনাক্ত করে প্রকারভেদ করা।

উদ্দেশ্য:

১. গার্মেন্টস স্যাম্পল থেকে স্টিচ সনাক্ত করতে পারবেন।
২. সনাক্তকৃত স্টিচ এর প্রকারভেদ করতে পারবেন।

কাজের ধারাবাহিকতা:

১. প্রয়োজনীয় ব্যক্তিগত সুরক্ষা সরঞ্জাম পিপিই (PPE) সংগ্রহ ও ব্যবহার করুন।
২. সরবরাহকৃত জবশীট এবং স্পেসিটিকেশন অনুযায়ী সমস্ত উপকরণ,মালামাল ও সুরক্ষা সরঞ্জাম এবং যন্ত্রপাতি সংগ্রহ করুন।
৩. সরবরাহকৃত জবশীট এবং স্পেসিটিকেশন অনুযায়ী সমস্ত উপকরণ,মালামাল ও সরঞ্জামের কার্যকারিতা ও পরিমাণ ঠিক আছে কিনা তা যাচাই করুন।
৪. স্পেসিটিকেশন শীট থেকে প্রয়োজনীয় তথ্য সংগ্রহ করুন।
৫. গার্মেন্টস এর স্যাম্পলটি সংগ্রহ করুন।
৬. গার্মেন্টস তৈরির জন্য কিকি স্টিচ ব্যবহার করা হয়েছে তা সনাক্ত করুন।
৭. স্টিচ এর স্যাম্পলের সাথে মিলিয়ে গার্মেন্টস এ ব্যবহৃত স্টিচগুলো সনাক্ত করুন।
৮. সনাক্তকৃত স্টিচগুলো ক্লাস অনুযায়ী তালিকাবদ্ধ করুন।
৯. কাজশেষে প্রাপ্ত ফলাফল যাচাই এবং লিপিবদ্ধ করুন।
১০. কাজশেষে আপনার প্রশিক্ষককে অবহিত করুন।
১১. কাজটিকে মূল্যায়নের জন্য আপনার প্রশিক্ষককের নিকট উপস্থাপন করুন।
১২. ওয়াকপ্লেস স্ট্যান্ডার অনুসারে ব্যবহৃত সমস্ত উপকরণ,মালামাল ও সুরক্ষা সরঞ্জাম এবং যন্ত্রপাতি সংরক্ষণ করুন।

স্পেসিফিকেশন শিট (Specification Sheet) ২: গার্মেন্টস স্যাম্পল থেকে স্টিচ সনাক্ত করে প্রকারভেদ করা।

প্রয়োজনীয় পিপিই:

| ক্রম | পিপিই এর নাম | স্পেসিফিকেশন | একক | পরিমাণ |
|------|--------------|--------------|--------|--------|
| ১. | মাস্ক | | সংখ্যা | ০১ |
| ২. | এপ্রন | | সংখ্যা | ০১ |

প্রয়োজনীয় সরঞ্জাম:

| ক্রম | টুলস এবং ইকুইপমেন্টস এর নাম | স্পেসিফিকেশন | একক | পরিমাণ |
|------|--------------------------------|--------------|--------|--------|
| ১. | কাগজ | | সংখ্যা | ০১ |
| ২. | কলম | | সংখ্যা | ০১ |
| ৩. | স্টিচ এর স্যাম্পল | | সংখ্যা | ০১ |

দক্ষতা পর্যালোচনা (Review of Competency)

প্রশিক্ষণার্থীর জন্য নির্দেশনা: প্রশিক্ষণার্থীর নিম্নোক্ত দক্ষতা প্রমাণ করতে সক্ষম হলে নিজেই কর্মদক্ষতা মূল্যায়ন করবে এবং সক্ষম হলে “হ্যাঁ” এবং সক্ষমতা অর্জিত না হলে “না” বোধক ঘরে টিকচিহ্ন দিন।

| কর্মদক্ষতা মূল্যায়নের মানদণ্ড | হ্যাঁ | না |
|---|-------|----|
| ১. ট্রিমস এবং এক্সেসরিস ব্যাখ্যা করা হয়েছে। | | |
| ২. ট্রিমস এবং এক্সেসরিস সনাক্ত করা হয়েছে। | | |
| ৩. ট্রিমস এবং এক্সেসরিস এর তালিকা প্রস্তুত করা হয়েছে। | | |
| ৪. স্পেসিফিকেশন অনুযায়ী বেসিক মেশিনের সমূহের ধরন সনাক্ত করা হয়েছে। | | |
| ৫. কাজের চাহিদা অনুযায়ী সিম ও স্টিচের প্রকারভেদ করা হয়েছে। | | |
| ৬. প্রোডাক্ট স্টাইল অনুযায়ী সুইং মেশিনের তালিকা প্রস্তুত করা হয়েছে। | | |

আমি (প্রশিক্ষণার্থী) এখন আমার আনুষ্ঠানিক যোগ্যতা মূল্যায়ন করতে নিজেকে প্রস্তুত বোধ করছি।

স্বাক্ষর ও তারিখঃ

প্রশিক্ষকের স্বাক্ষর ও তারিখঃ

সিবিএলএম প্রনয়ন

“গার্মেন্টস ম্যানুফ্যাকচারিং এর জন্য কাঁচামাল এবং মেশিন সমূহ সনাক্ত করণ” (অকুপেশন: প্রোডাকশন প্ল্যানিং এন্ড সাপ্লাই চেইন ম্যানেজমেন্ট) শীর্ষক কমপিউটারি বেসড লার্নিং ম্যাটারিয়াল (সিবিএলএম) টি – জাতীয় দক্ষতা সনদায়নের নিমিত্ত জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ কর্তৃক সমাহার কনসালটেন্টস লি: এর সহায়তায় প্যাকেজ SD-9C (তারিখ: ১৫ জানুয়ারী ২০২৪) এর অধিনে ২০২৪ এর আগষ্ট মাসে প্রণয়ন করা হয়েছে।

| ক্রমিক নং | নাম ও ঠিকানা | পদবি | মোবাইল নম্বর ও ইমেইল |
|-----------|---------------------------|----------------|---|
| ০১ | শরীফ নওয়াজ | লেখক | ০১৭৩৩৪৫৯৭৪৫ sharifnowaz@gmail.com |
| ০২ | সাইদুর রহমান | সম্পাদক | ০১৭৮৬৪৭৭৭৬৭ saidur.bkmea@gmail.com |
| ০৩ | খান মোহাম্মদ মাহমুদ হাসান | কো – অর্ডিনেটর | ০১৭৪০-৮৭৮৯৭ kmmhasan@gmail.com |
| ০৪ | সৈয়দ আজহারুল হক | রিভিউয়ার | ০১৭১১০৪৭৮১৫ azharulhaque2008@gmail.com |

রেফারেন্স

১. <https://elearn.daffodilvarsity.edu.bd/mod/resource/view.php?id=২৪৯৯২৯>
২. <https://www.scribd.com/document/৬৪৮৩৮৯১৯১১-৫-Trims-and-Accessories>
৩. <https://www.pinterest.com/pin/different-types-of-trims-used-in-the-garments-industry-textile-industry-৭৮৫৩৮৫৬২২৫২৯২৭২৪৪২/>
৪. <https://garmentsmerchandising.com/difference-between-trimmings-and-accessories/>
৫. <https://engineeringtextile.com/garment/accessories/১৬২-garments-accessories>
৬. <https://www.masterclass.com/articles/৭-different-types-of-seams-and-how-to-use-them-in-garments>
৭. <https://textilelearner.net/types-of-seam-used-in-garments-manufacturing/>
৮. <https://www.coats.com/en/information-hub/seam-types>
৯. <https://ordnur.com/sewing/list-of-sewing-machine-used-in-apparel-industry/>
১০. <https://www.textileschool.com/৯১৫০/type-of-industrial-sewing-machines-used-in-garment-manufacturing/>